বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ
সম্পত্তি ব্যবস্থাপনা বিভাগ
কুর্মিটোলা, ঢাকা-১২২৯।
www.caab.gov.bd

তারিখ: ২০ জ্যৈষ্ঠ ১৪৩২ বঙ্গাব্দ
০৩ জুন ২০২৫ খ্রিস্টাব্দ

**স্মারক নম্বর:** ৩০.৩১.০০০০.০০০.২৩১.৩০.০০০২.১৭.৪২

**বিষয়: স্পট নিলাম ডাক আহবান**

সূত্র: ৩০.৩১.০০০০.০০০.২৩১.৩০.০০০২.১৭/৫, তারিখ: ১৫-০৫-২০২৫ খ্রিঃ

উপর্যুক্ত বিষয়ে সূত্রোক্ত পত্রের আলোকে সকল ব্যবসায়ী/প্রতিষ্ঠান/ব্যক্তিবর্গকে জানানো যাচ্ছে যে, সিএএবি'র নতুন সদর দপ্তর ও পুরাতন সদর দপ্তরের সম্মুখের সড়কের উপর থাকা গাছের বর্ধিত ডালপালাগুলো জরুরী ভিত্তিতে কর্তন/অপসারণের নিমিত্ত স্পট নিলামে বিক্রয় করা হবে। উক্ত নিলাম আগামী **১৬/০৬/২০২৫** তারিখ বেলা ১১:৩০ ঘটিকায় স্পটে (নতুন সদর দপ্তরে প্রবেশ গেট সংলগ্ন) অনুষ্ঠিত হবে।

| ক্রঃ নং | নিলাম |
|---|---|
| ০১. | সিএএবি'র নতুন সদর দপ্তর ও পুরাতন সদর দপ্তরের সম্মুখের সড়কের উপর থাকা ১৫টি গাছের বর্ধিত হেলে থাকা নিদিষ্ট ডালপালাগুলো কর্তনের নিমিত্ত জরুরী স্পট নিলামের মাধ্যমে বিক্রয়/অপসারণ (যেখানে যে অবস্থায় আছে) (কম-বেশী) । |

## স্পট নিলাম ডাকের শর্তাবলীঃ

(১) প্রকাশ্য নিলাম ডাকে অংশগ্রহণে ইচ্ছুক ডাককারীগণ নিলাম ডাকের পূর্বে সদর দপ্তর, সম্পত্তি বিভাগের সহিত যোগাযোগ করে উক্ত বর্ধিত ডালপালাগুলো দেখে (যেখানে যে অবস্থায় আছে) (কম-বেশী) ক্রয় করতে আগ্রহী হলে নিলামে অংশগ্রহণ করতে পারবেন;

(২) স্পট নিলাম ডাকের পূর্বে বেলা ১১:৩০ ঘটিকার মধ্যে নিলাম ডাকে অংশগ্রহণকারী ইচ্ছুক ব্যবসায়ী/ প্রতিষ্ঠান/ ব্যক্তিবর্গকে জাতীয় পরিচয় পত্রের ফটোকপিসহ জামানত হিসেবে ৫০০/-(পাঁচশত) টাকা অগ্রিম নগদ প্রদান করতে হবে; যা ১ম, ২য় ও ৩য় সর্বোচ্চ ডাককারীর জামানত রাখার পর অবশিষ্টদের নিলাম ডাকশেষে তাৎক্ষণিকভাবে ফেরত দেয়া হবে;

(৩) কার্যাদেশপ্রাপ্ত নিলাম ডাককারীকে নিলাম ডাকের সমুদয় মূল্য তৎসহ আয়কর ও ভ্যাট কার্যাদেশ জারির ০৩ (তিন) কার্যদিবসের মধ্যে নির্বাহী পরিচালক, হশাআবি'র রাজস্ব শাখায় নগদে পরিশোধ করে উহার মানি রিসিটের কপি সম্পত্তি ব্যবস্থাপনা বিভাগে জমা করতে হবে। নিলামকৃত ডালপালাগুলো গঠিত কমিটির উপস্থিতিতে কার্যাদেশ প্রাপ্তির ১০ (দশ) কার্যদিবসের মধ্যে নিজ খরচে ও নিজ দায়িত্বে নিলামকারীকে সরিয়ে নিয়ে জায়গা পরিষ্কার করে দিতে হবে। অন্যথায় কার্যাদেশ বাতিলসহ জমাকৃত জামানত বাজেয়াপ্ত করা হবে;

(৪) কৃতকার্য সর্বোচ্চ দরদাতা কার্যাদেশ মোতাবেক নির্ধারিত সময়ে টাকা পরিশোধে ব্যর্থ হলে জমাকৃত আর্নেস্টমানি বাজেয়াপ্ত করে যথাক্রমে ২য় ও ৩য় সর্বোচ্চ দরদাতাকে ১ম সর্বোচ্চ দরদাতার দরে কার্যাদেশ নিতে আগ্রহী কিনা তা পত্র দ্বারা জানানো হবে।

(৫) গাছের ডালপালা কর্তন/অপসারনের সময় কর্তৃপক্ষের কোন স্থাপনা বা কোন কিছু ক্ষতি সাধন হলে উহার ক্ষতি পূরণ কার্যাদেশ প্রাপ্ত নিলামকারীকেই বহন করতে হবে ;

(৬) গাছের ডালপালা কর্তন/অপসারনের সময় দুর্ঘটনায় কেহ আহত/নিহত হলে এর দায়-দায়িত্ব কর্তৃপক্ষ বহন করবে না ;

(৭) কমিটি ও চাহিদা প্রদানকারী দপ্তরের প্রতিনিধিদের উপস্থিতিতে ডালপালাগুলো কর্তন/অপসারণ/ সরিয়ে নিতে হবে;

(৮) উক্ত এলাকা থেকে বর্ণিত ডালপালাগুলো ব্যতীত অন্য কোন মালামাল বাহির করলে জরিমানাসহ আইন মোতাবেক ব্যবস্থা গ্রহণ

করা হবে।

(৯) কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে স্পট নিলাম গ্রহণ বা আংশিক বাতিল বা সম্পূর্ণ নিলাম বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করে।

০৩-০৬-২০২৫
আবু ছালেহ মোঃ মুসা জঙ্গী (উপ সচিব)
পরিচালক (সম্পত্তি ব্যবস্থাপনা)

বিতরণ (সদয় অবগতি, অবগতি ও কার্যার্থে):

১। সদস্য (অর্থ), সিএএবি, সদর দপ্তর, কুর্মিটোলা, ঢাকা-১২২৯।
২। সদস্য (প্রশাসন), সিএএবি, সদর দপ্তর, কুর্মিটোলা, ঢাকা-১২২৯।
৩। সদস্য (নিরাপত্তা), সিএএবি, সদর দপ্তর, কুর্মিটোলা, ঢাকা-১২২৯।
৪। সদস্য (ফ্লাইট স্ট্যান্ডার্ড এন্ড রেগুলেশনস), সিএএবি, কুর্মিটোলা, ঢাকা-১২২৯।
৫। নির্বাহী পরিচালক (সেমসু), সিএএবি, কুর্মিটোলা, ঢাকা-১২২৯।
৬। প্রধান প্রকৌশলী (চলতি দায়িত্ব ), সিএএবি, সদর দপ্তর, কুর্মিটোলা, ঢাকা-১২২৯।
৭। নির্বাহী পরিচালক (হশাআবি), সিএএবি, কুর্মিটোলা, ঢাকা-১২২৯।
৮। পরিচালক (প্রশাসন), সিএএবি, সদর দপ্তর, কুর্মিটোলা, ঢাকা-১২২৯।
৯। উপ-পরিচালক (সিএনএস), সিএনএস বিভাগ, সিএএবি, সদর দপ্তর, কুর্মিটোলা, ঢাকা-১২২৯ (সিএএবি'র ওয়েবসাইটে প্রকাশ ও প্রচারের অনুরোধসহ)।
১০। পিএস টু চেয়ারম্যান, সিএএবি, সদর দপ্তর, কুর্মিটোলা, ঢাকা-১২২৯।
১১। নির্বাহী প্রকৌশলী, সিভিল ডিভিশন-২, সিএএবি, সদর দপ্তর, কুর্মিটোলা, ঢাকা-১২২৯।
১২। নির্বাহী প্রকৌশলী (ই/এম), ই/এম ডিভিশন-২, সিএএবি, সদর দপ্তর, কুর্মিটোলা, ঢাকা-১২২৯।
১৩। হিসাবরক্ষণ কর্মকর্তা, সংস্থাপন, কল্যাণ ও জিপিএফ শাখা, সিএএবি, সদর দপ্তর, কুর্মিটোলা, ঢাকা-১২২৯।
১৪। সহকারী প্রকৌশলী, সিভিল ডিভিশন-২, সিএএবি, সদর দপ্তর, কুর্মিটোলা, ঢাকা-১২২৯।
১৫। সহকারী সম্পত্তি কর্মকর্তা, সম্পত্তি ব্যবস্থাপনা বিভাগ, সিএএবি, সদর দপ্তর, কুর্মিটোলা, ঢাকা-১২২৯।
১৬। সহকারী সম্পত্তি কর্মকর্তা, সম্পত্তি ব্যবস্থাপনা বিভাগ, সিএএবি, সদর দপ্তর, কুর্মিটোলা, ঢাকা-১২২৯।
১৭। সহকারী নিরাপত্তা কর্মকর্তা, সিএএবি, সদর দপ্তর, কুর্মিটোলা, ঢাকা-১২২৯।
১৮। সম্পত্তি পরিদর্শক, সম্পত্তি ব্যবস্থাপনা বিভাগ, সিএএবি, সদর দপ্তর, কুর্মিটোলা, ঢাকা-১২২৯।
১৯। সার্ভেয়ার, সম্পত্তি ব্যবস্থাপনা বিভাগ, সিএএবি, সদর দপ্তর, কুর্মিটোলা, ঢাকা-১২২৯।
২০। সার্ভেয়ার সহকারী, সম্পত্তি ব্যবস্থাপনা বিভাগ, সিএএবি, সদর দপ্তর, কুর্মিটোলা, ঢাকা-১২২৯।